



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet - 15

Class: 4



Subject: Bengali Text (সুখ-দুঃখ)

Date: 25/09/2020

১। কবির নামসহ সুখ-দুঃখ কবিতার প্রথম ছয় লাইন লেখ :-

উ:

সুখ-দুঃখ

রবীন্দ্রনাথ ঠাকুর

বসেছে আজ রথের তলায় স্নানযাত্রার মেলা -

সকাল থেকে বাদল হল, ফুরিয়ে এল বেলা ।

আজকে দিনের মেলামেশা

যত খুশি , ততই নেশা

সবার চেয়ে আনন্দময় ওই মেয়েটির হাসি -

এক পয়সায় কিনেছে ও তালপাতার এক বাঁশি ।

২। স্নানযাত্রার মেলা কি ?

উ: রথের আগে জৈষ্ঠ মাসের পূর্ণিমার দিন জগন্নাথ, বলভদ্র ও সুভদ্রা দেবীর স্নান উৎসব হয় । প্রতি বছর অক্ষয় তৃতীয়ার দিন প্রভুর মাথা ব্যথা হয় । তখন তার কপালে চন্দন লেপে দেওয়া হয় । এই চন্দন তোলার জন্য দুধ ও গঙ্গা জল মিশিয়ে জগন্নাথদেব, বলভদ্র ও সুভদ্রা দেবীকে স্নান করান হয় । রথের ১৫ দিন

আগে এই স্নান যাত্রা হয় । এই উপলক্ষে যে মেলা হয় তাকে স্নানযাত্রার মেলা বলে ।

৩। ছোটো মেয়েটির কিসে আনন্দ হয়েছিল ?

উ: একটি ছোটো মেয়ে স্নানযাত্রার মেলায় এসেছিল । সেদিন সারাদিন ধরে বৃষ্টি হয়েছিল । মেলায় নানারকম জিনিসের দোকান বসেছিল । ছোটো মেয়েটির অনেক খেলনার মধ্যে একটা তালপাতার বাঁশি পছন্দ হয়েছিল । সে এক পয়সা দিয়ে তালপাতার বাঁশি কিনেছিল । মেয়েটি তার পছন্দের বাঁশি কিনতে পেয়েছিল সেই জন্য তার আনন্দ হয়েছিল ।

৪। ছোট ছেলেটির দুঃখের সঙ্গে পুরো মেলাটি করুন মনে হয়েছিল কেন ?

উ: মেলায় অনেক মানুষ আসে । অনেক রকমের জিনিস পত্র এবং খেলনা বিক্রি হয় । ছোটো ছোটো ছেলেমেয়েরা নিজেদের পছন্দের জিনিস কিনে আনন্দ পায় । একটি ছোটো ছেলে তার পছন্দের রঙিন লাঠি কিনতে পারেনি বলে খুব দুঃখ পেয়েছিল । মেলায় এসে ছোট ছেলেটি আনন্দ না পেয়ে দুঃখ পেয়েছিল । তাই ছোট ছেলেটির দুঃখের সঙ্গে পুরো মেলাটি কবির করুন মনে হয়েছিল ।

Manashi Chaudhuri